**বিষয়: সিভিল রেজিস্ট্রেশন এ্যান্ড ভাইটাল স্ট্যাটিসটিক্স (সিআরভিএস) সংক্রান্ত স্টিয়ারিং কমিটির সপ্তম সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | খন্দকার আনোয়ারুল ইসলাম, মন্ত্রিপরিষদ সচিব |
| সভার তারিখ | : | ২৪ জুন ২০২১ |
| সময় | : | সকাল ১১:০০ ঘটিকা |
| সভার স্থান | : | অনলাইন সভা (Zoom)। |

**অনলাইন সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট-ক**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সিআরভিএস সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগসমূহের সমন্বিত পদক্ষেপ গ্রহণের মাধ্যমে বাংলাদেশে কার্যকর সিআরভিএস ব্যবস্থা বাস্তবায়িত হবে মর্মে সভাপতি আশাবাদ ব্যক্ত করেন। সিআরভিএস সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগসমূহের সমন্বয়কে আরো জোরদার করার লক্ষ্যে সকলে আন্তরিকতার সাথে কাজ করবেন মর্মে আশা প্রকাশ করে সভাপতি আলোচ্যসূচি অনুযায়ী সভার পরবর্তী কার্যক্রম পরিচালনা করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব, সমন্বয় অনুবিভাগ কে অনুরোধ করেন। সভায় আলোচ্যসূচি অনুসারে একটি উপস্থাপনা প্রদান করা হয়।

০২। **আলোচ্য বিষয়-১: বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ।**

ষষ্ঠ সভার কার্যবিবরণীতে কোন প্রকার সংযোজন বা পরিমার্জন থাকলে তা উপস্থাপনের জন্য উপস্থিত সদস্যগণের নিকট আহবান করা হয়। বিগত সভার কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধন পরিমার্জনের প্রয়োজন নেই মর্মে উপস্থিত সদস্যগণ জানান।

**সিদ্ধান্ত:** ২.১। সিভিল রেজিস্ট্রেশন এ্যান্ড ভাইটাল স্ট্যাটিসটিক্স (সিআরভিএস) সংক্রান্ত স্টিয়ারিং কমিটির ষষ্ঠ সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে উপস্থিত সদস্যগণ অভিমত প্রকাশ করায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকৃত করা হলো।

০৩। **আলোচ্য বিষয়-২: বিগত সভার সিদ্ধান্তসমূহের অগ্রগতি।**

সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ এবং সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি তুলে ধরা হয়।

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন |
|---|---|---|
| ১। | ৩.১। জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমকে সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে জরুরি ভিত্তিতে পত্র প্রদান করতে হবে। | ৩.১। মন্ত্রিপরিষদ বিভাগ থেকে সংশ্লিষ্ট স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে বর্ণিত বিষয়ে পত্র প্রদান করা হয়েছে। |
| ২। | ৩.২। মন্ত্রিপরিষদ বিভাগের আওতায় বাস্তবায়নাধীন সিআরভিএস প্রকল্পের তৃতীয় পর্যায়ের সমাপ্তির পূর্বে সিআরভিএস প্রকল্পের চতুর্থ পর্যায়ের প্রকল্প ডকুমেন্ট (টিএপিপি/ডিপিপি) তৈরি এবং অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ৩.২। সিআরভিএস প্রকল্পের চতুর্থ পর্যায়ের প্রকল্প গ্রহণের জন্য দাতা সংস্থার সাথে একাধিক সভা হয়েছে। দাতা সংস্থা কর্তৃক বরাদ্দের পরিমাণ চূড়ান্ত হলে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন |
|---|---|---|
| ৩। | ৩.৩। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা ও সিটি কর্পোরেশনের মেয়রগণ মৃত ব্যক্তির ওয়ারিশগণকে যে ওয়ারিশ সনদ প্রদান করে থাকেন সেটি প্রাপ্তির জন্য আবেদনের সাথে অনলাইন মৃত্যু নিবন্ধন সনদটি বাধ্যতামূলক করার বিষয়টি স্থানীয় সরকার বিভাগ থেকে পরিপত্র/প্রজ্ঞাপন জারির মাধ্যমে নিশ্চিত করবে। | ৩.৩। সংশ্লিষ্ট বিষয়ে স্থানীয় সরকার বিভাগ থেকে ইউনিয়ন পরিষদ, পৌরসভা ও সিটি কর্পোরেশনের জন্য তিনটি পরিপত্র জারি করা হয়েছে। |
| ৪। | ৪.১। সভায় আলোচ্য সংশোধনীসহ জন্ম ও মৃত্যু নিবন্ধনকে আন্তর্জাতিক মানে উন্নীতকরণের জন্য জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৮ এ প্রয়োজনীয় সংশোধনী আনয়নের বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় আগামী দুই মাসের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ৪.১। স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব-মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় উক্ত বিভাগের অতিরিক্ত সচিব-কে আহবায়ক করে জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা ২০১৮ সংশোধনের বিষয়ে একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটির দুইটি সভা অনুষ্ঠিত হয়েছে। বর্তমানে জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা-২০১৮ সংশোধনের কার্যক্রম চলমান রয়েছে। |
| ৫। | ৫.১। ইউনিক আইডি ব্যবহার করে জন্ম ও মৃত্যু নিবন্ধনের সামগ্রিক কার্যক্রম BDRIS এর মাধ্যমে সারাদেশে আগামী মার্চ ২০২১ এর মধ্যে সম্প্রসারণের বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | ৫.১। BDRIS সফটওয়্যারের মাধ্যমে নির্বাচন কমিশন সচিবালয়ের জাতীয় পরিচয় পত্র অনুবিভাগের সাথে API এর মাধ্যমে স্বয়ংক্রিয় ভাবে নিবন্ধনাধীন ব্যক্তির অনুকূলে ইউআইডি প্রাপ্যতার বিষয়টি টেকনিক্যালি সম্ভবপর হয়েছে। তবে জন্ম নিবন্ধন সনদে ইউআইডি নাম্বারটি মুদ্রণের ক্ষেত্রে বিধিমালা সংশোধনের প্রয়োজনীয়তা রয়েছে। |
| ৬। | ৫.২। পুরাতন BRIS এর ডাটা Deduplication এর মাধ্যমে নতুন BDRIS এ স্থানান্তর এবং BDRIS এর Software Open Source হওয়া সংক্রান্ত বিষয়ে সিআরভিএস সংক্রান্ত বাস্তবায়ন কমিটি সভা করে আগামী পনের দিনের মধ্যে সুপারিশ প্রদান করবে। | ৫.২। সিআরভিএস বাস্তবায়ন কমিটি সভা করে বর্ণিত বিষয়ে সুপারিশ প্রদান করা হয়েছে। ডাটা Deduplication এবং BDRIS এর Software Open Source হওয়া সংক্রান্ত বিষয়টি এখনো বাস্তবায়ন হয়নি। |
| ৭। | ৫.৩। মৃত্যু সনদের দুইটি ভাগ করতে হবে একটি ভাগ হবে 'সাধারণ পার্ট' এবং আরেকটি ভাগ হবে 'প্রিভিলেজ পার্ট'। মৃত্যু সনদের প্রিভিলেজ পার্ট এ DHIS2 থেকে MCCOD এর মাধ্যমে প্রাপ্ত মৃত্যুর কারণ উল্লেখ করতে হবে যা মৃত ব্যক্তির নিকট-আত্মীয় ছাড়া অন্য কেউ প্রকাশ করতে পারবে না।'' | ৫.৩। বর্তমানে অনলাইন মৃত্যু নিবন্ধন সনদে মৃত্যুর কারণ উল্লেখ করে অথবা উল্লেখ না করে দুই ধরণের সনদ প্রদান করা সম্ভব মর্মে কারিগরি টিম জানিয়েছে। তবে জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা-২০১৮ তে উল্লেখিত জমনি-৭ ফরমে (সনদের প্রতিলিপির জন্য আবেদন) মৃত ব্যক্তির সহিত আবেদনকারীর সম্পর্কের বিষয়টি মুদ্রণের ক্ষেত্রে বিধিমালা-২০১৮ সংশোধনের প্রয়োজনীয়তা রয়েছে। |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন |
|---|---|---|
| ৮। | ৬.১। সিআরভিএস বাস্তবায়ন কমিটির পরামর্শ অনুসারে আন্তর্জাতিক সংস্থা ভাইটাল স্ট্র্যাটিজিস এর সহায়তায় "সিআরভিএস ইনইকুয়েলিটি এসেসমেন্ট" এর খসড়া আগামী ফেব্রুয়ারি মাসের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল করতে হবে। | ৬.১। "সিআরভিএস ইনইকুয়েলিটি এসেসমেন্ট" আন্তর্জাতিক সংস্থা ভাইটাল স্ট্র্যাটিজিস এর সহায়তায় করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের যুগ্মসচিব ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ুন কবীরকে আহবায়ক করে একটি কমিটি গঠন করা হয়েছে যার কার্যক্রম চলমান রয়েছে। অন্যদিকে ESCAP "সিআরভিএস ইনইকুয়েলিটি এসেসমেন্ট" এর বিষয়ে সহায়তা করার জন্য বিবিএসকে অনুরোধ জানিয়ে পত্র দিয়েছেন। |
| ৯। | ৭.১। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং ব্যানবেইস কর্তৃক সংশ্লিষ্ট শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়নের কাজ স্ব স্ব প্রকল্পের সময়সীমার মধ্যে সম্পন্ন করতে হবে। | ৭.১। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং ব্যানবেইস কর্তৃক সংশ্লিষ্ট শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়ন সংক্রান্ত প্রকল্প দুইটির কার্যক্রম সম্পন্নের জন্য প্রকল্পের মেয়াদ বর্ধিত করা প্রয়োজন হবে। |
| ১০। | ৮.১। স্বাস্থ্য অধিদপ্তরের নিজস্ব কার্যক্রম হিসাবে Medical Certification of Cause of Death (MCCoD) সারাদেশের সকল হাসপাতালে চালু করতে হবে এবং Verbal Autopsy (VA) এর কার্যক্রম বিবিএস এর Sample Size অনুসারে সারাদেশে সম্প্রাসারণ করতে হবে। | ৮.১। অর্থ প্রাপ্তি সাপেক্ষে ১৭টি হাসপাতালে Medical Certification of Cause of Death (MCCoD) প্রশিক্ষণ সম্পন্ন করা হবে। এবং ৫টি উপজেলায় Verbal Autopsy (VA) এর কার্যক্রম গ্রহণ করা হবে মর্মে স্বাস্থ্য অধিদপ্তর এর পক্ষ থেকে জানানো হয়েছে। |
| ১১। | ৮.২। সারাদেশে Extended Program on Immunization (EPI) এর ডিজিটাল কার্যক্রমকে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের সাথে Integration এর বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | ৮.২। Extended Program on Immunization (EPI) এর ডিজিটাল কার্যক্রমকে জন্ম নিবন্ধন কার্যক্রম এর সাথে সম্পৃক্ত করার জন্য ইউনিসেফ-এর সাথে একাধিকবার আলোচনা করা হয়েছে। পরবর্তীতে ইউনিসেফ হতে সহযোগিতা প্রাপ্তি সাপেক্ষে BDRIS এর সাথে কি ভাবে ইন্টিগ্রেশন করা হবে। |
| ১২। | ৯.১। বিবাহ ও তালাক নিবন্ধনের আইসিটি অবকাঠামো উন্নয়ন সংক্রান্ত উন্নয়ন প্রকল্পটি অতি দ্রুত অনুমোদনের বিষয়ে আইন ও বিচার বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | ৯.১। বর্ণিত প্রকল্পটি এখনো অনুমোদন হয়নি। সভায় আইন ও বিচার বিভাগের পক্ষ থেকে জানানো হয় যে জুন ২০২১ এর মধ্যে এটি পরিকল্পনা কমিশনের প্রেরণ করা সম্ভব হবে। |
| ১৩। | ৯.২। বিবাহ ও তালাক নিবন্ধনের আইসিটি অবকাঠামো উন্নয়ন সংক্রান্ত সফটওয়্যার তৈরির পূর্বেই সিভিল রেজিস্ট্রেশন সংক্রান্ত অন্যান্য উপাদান বিশেষ করে জন্ম ও মৃত্যু নিবন্ধন এবং ব্যানবেইসের তথ্যের সাথে Integration স্থাপনের বিষয়টি আইন ও বিচার বিভাগ নিশ্চিত করবে। | ৯.২ প্রকল্পটি অনুমোন হয়ে বাস্তবায়নের সময় বিবাহ ও তালাক নিবন্ধনের সাথে জন্ম ও মৃত্যু নিবন্ধন এবং ব্যানবেইসের তথ্যের সাথে Integration স্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| ১৪। | ১০.১। ESCAP এর RAF সংক্রান্ত প্রতিবেদনে প্রতিশ্রুত জন্ম, মৃত্যু, মৃত্যুর কারণ, বিবাহ ও তালাক নিবন্ধন এবং ভাইটাল স্ট্যাটিসটিক্স প্রণয়ন সংক্রান্ত টার্গেট অর্জনের বিষয়টি সিআরভিএস সংক্রান্ত বাস্তবায়ন কমিটির সভায় আলোচনা করে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবে। | ১০.১। জন্ম, মৃত্যু, মৃত্যুর কারণ, বিবাহ ও তালাক নিবন্ধন এবং ভাইটাল স্ট্যাটিসটিক্স প্রণয়ন সংক্রান্ত টার্গেট অর্জনের বিষয়ে সিআরভিএস বাস্তবায়ন কমিটির সভায় আলোচনা ক্রমে সুপারিশ প্রদান করা হয়েছে। |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন |
| --- | --- | --- |
| ১৫। | ১০.২। সিআরভিএস সংক্রান্ত প্রকল্প বাস্তবায়নকারী সকল দপ্তর/সংস্থা তাদের প্রকল্পের ওয়ার্ক প্ল্যান এবং ফাইন্যানসিয়াল প্ল্যান আগামী এক সপ্তাহের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে। | ১০.২। বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তর হতে প্রতিবেদন পাওয়া গিয়াছে। |

**সিদ্ধান্ত: ৩.১।** ESCAP এর Regional Action Framework (RAF) এর টার্গেট অনুসারে ২০২১ এর মধ্যে জন্ম ও মৃত্যু নিবন্ধন এবং মৃত্যুর কারণ নির্ধারণ সংক্রান্ত তথ্য থেকে Vital Statistics প্রণয়নের বিষয়ে আগামী তিন মাসের মধ্যে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়, মহাপরিচালক স্বাস্থ্য অধিদপ্তর এবং মহাপরিচালক, বাংলাদেশ ব্যুরো অফ স্ট্যাটিসটিক্স সম্মিলিত ভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**সিদ্ধান্ত: ৩.২।** সিআরভিএস সংক্রান্ত স্টিয়ারিং কমিটির ৬ষষ্ঠ সভার সিদ্ধান্ত অনুসারে আগামী তিন মাসের মধ্যে সিআরভিএস বিধিমালা সংশোধনের বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

০৪। **আলোচ্য বিষয়-৩.০১: জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত আলোচনা।**

রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় সভায় জানান যে সদ্য ভুমিষ্ঠ শিশুর জন্ম সনদে ব্যবহারের জন্য নির্বাচন কমিশন থেকে ইউনিক আইডি পাওয়া যাচ্ছে। বিধিমালা সংশোধন হলে উক্ত ইউনিক আইডি সদ্য ভুমিষ্ঠ শিশুর জন্ম সনদে ব্যবহার করা যাবে। একই সাথে প্রাপ্তবয়স্ক যাদের ইতোমধ্যে জাতীয় পরিচয় পত্রের স্মার্ট কার্ড আছে তাদের নতুন জন্ম সনদ প্রণয়নে ইউনিক আইডি ব্যবহার করা যাবে। জন্ম সনদে ইউনিক আইডি ব্যবহারের বিষয়ে নিম্নোক্ত কেইসগুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

- যাদের জন্ম সনদ আছে এবং ইউনিক আইডি যুক্ত জাতীয় পরিচয় পত্রের স্মার্ট কার্ড ও আছে তাদের জন্ম সনদে ইউনিক আইডি ব্যবহার;
- যাদের ইউনিক আইডি যুক্ত জাতীয় পরিচয় পত্রের স্মার্ট কার্ড আছে কিন্তু জন্ম সনদ নেই তাদের ইউনিক আইডি যুক্ত জন্ম সনদ প্রদান করা;
- যাদের জন্ম সনদ আছে কিন্তু রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় কর্তৃক ইউনিক আইডি দেয়া হয়নি এমনকি তাদের ইউনিক আইডি যুক্ত জাতীয় পরিচয় পত্রের স্মার্ট কার্ড ও নেই।

জন্ম সনদে ইউনিক আইডি ব্যবহার, এনআইডি এর সাথে জন্ম নিবন্ধনের ইন্টারঅপারেবেলিটি স্থাপন এবং synchronization করার জন্য রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় কর্তৃক সুনির্দিষ্ট প্রস্তাব প্রস্তুত করার উপর সভায় গুরুত্বারোপ করা হয়। উক্ত প্রস্তাবের উপর আলোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণের জন্য সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অতিদ্রুত আরেকটি সভা আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। তাছাড়া Health Id সহ সিআরভিএস সংক্রান্ত সকল আইডি এর সাথে ইউআইডি ব্যবহার করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।

**সিদ্ধান্ত: ৪.১।** সভায় আলোচ্য বিষয়সহ জন্ম সনদে ইউনিক আইডি ব্যবহার এবং এনআইডি এর সাথে জন্ম নিবন্ধনের ইন্টারঅপারেবেলিটি স্থাপন এবং synchronization করার সুনির্দিষ্ট প্রস্তাব আগামী ০৭ দিনের মধ্যে প্রস্তুত করার বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**সিদ্ধান্ত: ৪.২।** ইউনিক আইডি ব্যবহার এবং এনআইডি এর সাথে জন্ম নিবন্ধনের ইন্টারঅপারেবেলিটি স্থাপন এবং synchronization সংক্রান্ত প্রস্তাব নিয়ে আলোচনার জন্য সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অতিদ্রুত একটি সভা করার বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**সিদ্ধান্ত: ৪.৩।** Health Id সহ সিআরভিএস সংশ্লিষ্ট সকল আইডি এর সাথে ইউআইডি ব্যবহার করার বিষয়ে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

০৫। আলোচ্য বিষয়-৩.০২: স্বাস্থ্য অধিদপ্তর সংক্রান্ত আলোচনা।

মন্ত্রিপরিষদ বিভাগের Technical Support for CRVS System Improvement in Bangladesh শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের মাধ্যমে স্বাস্থ্য মন্ত্রণালয়ের স্বাস্থ্য অধিদপ্তরের তত্ত্বাবধানে বিশ্ব স্বাস্থ্য সংস্থার আইসিডি কোড অনুযায়ী হাসপাতালে মৃত্যুবরণকারী ব্যক্তির মৃত্যুর অন্তর্নিহিত কারণ নির্ণয় সংক্রান্ত International form of Medical Certification of Cause of Death (IMCCD) পদ্ধতির কার্যক্রম বিভিন্ন হাসপাতালে সফলতার সঙ্গে পরিচালিত হচ্ছে। বিভিন্ন হাসপাতালে চিকিৎসকের তত্ত্বাবধানে মৃত প্রায় এক লক্ষ পঞ্চাশ হাজার মানুষের মৃত্যুর কারণ আইসিডি কোড অনুযায়ী চিহ্নিত করা হয়েছে। যা স্বাস্থ্য অধিদপ্তরের ডিএইচআইএস-২ সার্ভারে সংরক্ষণ করা হয়। নিজ বাড়িতে মৃত্যুবরণকারী ২৮ (আটাশ হাজার) মানুষের মৃত্যুর কারণ (Cause of death) আন্তর্জাতিক মানের Verbal Autopsy (VA) এর মাধ্যমে নির্ণয় করা হয়েছে। হাসপাতালে মৃত্যুবরণকারী ব্যক্তির মৃত্যুর অন্তর্নিহিত কারণ নির্ণয় সংক্রান্ত Medical Certification of Cause of Death (MCCD) এর তথ্য সঠিক সময়ে DHIS2 তে প্রেরণ এবং ডাটা কোয়ালিটি নিশ্চিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। তাছাড়াও নিজ বাড়িতে মৃত্যুবরণকারী ব্যক্তির মৃত্যুর কারণ নির্ধারণের জন্য Verbal Autopsy (VA) এর মাধ্যমে সংগৃহিত তথ্যের ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ড অনুসারে এনালাইসিস এবং রিপোর্ট প্রণয়নের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।

ESCAP এর Regional Action Framework (RAF) এ টার্গেট 3C অনুসারে ২০২৪ সালের মধ্যে হাসপাতালে মৃত সকল ব্যক্তির মৃত্যুর কারণ Medical Certification of Cause of Death (MCCOD) এর মাধ্যমে নির্ধারণ, টার্গেট 3D অনুসারে ২০২৪ সালের মধ্যে মৃত্যুর কারণ যখন কোডিং করা হয় তখন ill-defined codes এর পরিমান ১.২% এ নামিয়ে আনা, এবং 3E অনুসারে নিজ বাড়িতে মৃত্যুবরণকারী ব্যক্তির মৃত্যর কারণ ভারবাল অটোপসি এর মাধ্যমে করার বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক অঙ্গীকার করা হয়েছে। সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত: ৫.১।** ESCAP এর Regional Action Framework (RAF) এর টার্গেট 3C, 3D, এবং 3E অর্জনে মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**সিদ্ধান্ত: ৫.২।** হাসপাতালে মৃত্যুবরণকারী ব্যক্তির মৃত্যুর অন্তর্নিহিত কারণ নির্ণয় সংক্রান্ত Medical Certification of Cause of Death (MCCD) এর তথ্য সঠিক সময়ে DHIS2 তে প্রেরণ এবং ডাটা কোয়ালিটি নিশ্চিত করার বিষয়ে মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**সিদ্ধান্ত: ৫.৩।** নিজ বাড়িতে মৃত্যুবরণকারী ব্যক্তির মৃত্যুর কারণ নির্ধারণের জন্য Verbal Autopsy (VA) এর মাধ্যমে সংগৃহিত তথ্যের ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ড অনুসারে এনালাইসিস এবং রিপোর্ট প্রণয়নের বিষয়ে মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

০৬। **আলোচ্য বিষয়-০৩: ESCAP এর Ministerial Conference on CRVS সংক্রান্ত আলোচনা;**

জাতিসংঘের অন্যতম সংস্থা ESCAP কর্তৃক ২০14 সালের নভেম্বর মাসে আয়োজিত Ministerial Conference on CRVS-এ ২০১৫-২০২৪ মেয়াদকে সিআরভিএস দশক ঘোষণা করা হয় এবং সেখানে সদস্য রাষ্ট্র সমূহের সুশাসন, স্বাস্থ্য ও পরিসংখ্যান সংক্রান্ত বিভিন্ন কর্মসূচী বাস্তবায়নের উদ্দেশ্যে একটি Regional Action Framework (RAF) গৃহীত হয়। উক্ত ফ্রেমওয়ার্কে তিনটি অভিলক্ষ্য (goals) এবং সাতটি একশন এরিয়া (action areas) রয়েছে। প্রতিটি goal এর আওতায় একাধিক targets এবং indicators রয়েছে।

সিআরভিএস সংক্রান্ত উক্ত Regional Action Framework বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করার জন্য ২০২১ সালের ১৬-১৯ নভেম্বর মাসে 2nd Ministerial Conference অনলাইনে অনুষ্ঠিত হবে। উল্লেখ্য যে উক্ত Ministerial Conference এ বাংলাদেশের প্রতিনিধিত্ব করার জন্য সিআরভিএস সংক্রান্ত কর্মকান্ডে সংশ্লিষ্ট এক জন মন্ত্রী মহোদয় অনলাইনে উপস্থিত থাকবেন। সভায় এ বিষয়ে আলোচনা হয় যে সিআরভিএস সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে লিড এজেন্সি হিসাবে স্থানীয় সরকার বিভাগের রেজিস্ট্রার জেনারেল জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় কাজ করছে।

সিআরভিএস সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের লিড এজেন্সি হিসাবে স্থানীয় সরকার বিভাগের মন্ত্রী মহোদয় উক্ত সম্মেলনে অনলাইনে উপস্থিত থাকতে পারেন মর্মে সভায় একমত প্রকাশ করা হয়।

**সিদ্ধান্ত: ০৬.১।** আগামী ১৬-১৯ নভেম্বর ২০২১ তারিখে জাতিসংঘের অন্যতম সংস্থা ESCAP কর্তৃক আয়োজিত 2nd Ministerial Conference এ সিআরভিএস সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের লিড এজেন্সি হিসাবে স্থানীয় সরকার বিভাগের মন্ত্রী মহোদয়ের অনলাইনে উপস্থিত থাকার বিষয়ে স্থানীয় সরকার বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**০৭। আলোচ্যবিষয়-০৪: বিবিধ: ৪.১। সিআরভিএস সংশ্লিষ্ট অসাম্য মূল্যায়ন (Inequality Assessment) সংক্রান্ত আলোচনা।**

জন্ম ও মৃত্যু নিবন্ধনকে সত্যিকার অর্থে সার্বজনীন এবং অন্তর্ভূক্তিমূলক (inclusive) করার জন্য Economic and Social Commission of Asia and the Pacific (ESCAP) এর 'মিনিস্টেরিয়াল ডিক্লারেশনে' দুর্গম্য এবং প্রান্তিক জনগোষ্ঠীর মধ্যে জন্ম-মৃত্যু নিবন্ধনের সুযোগের কোন অসমতা থাকলে তা নিরসনের আহবান জানানো হয়েছে। একই সাথে ESCAP এর Regional Action Framework (RAF) সংক্রান্ত প্রতিবেদনের ৮টি বাস্তবায়ন পদক্ষেপের অন্যতম হলো সিআরভিএস ইনইকুয়েলিটি এসেসমেন্ট (Inequality Assessment Related to CRVS)। বাংলাদেশ ২০১৯ সালে RAF এর মধ্যবর্তী প্রতিবেদনে সিআরভিএস-সংশ্লিষ্ট অসাম্য মূল্যায়নের বিষয়ে প্রতিশ্রুতি প্রদান করেছে। সিআরভিএস ইনইকুয়েলিটি এসেসমেন্ট এর বিষয়ে বিস্তারিত প্রতিবেদন দেওয়ার জন্য রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধনকে আহবায়ক করে মন্ত্রিপরিষদ বিভাগ এবং স্বাস্থ্য সেবা বিভাগের প্রতিনিধিসহ একটি কমিটি গঠন করা হয়। কমিটি ESCAP কে প্রদত্ত বাংলাদেশের প্রতিশ্রুতি অনুযায়ী যোগাযোগের দিক থেকে পিছিয়ে থাকা এলাকা এবং নারীর মৃত্যু নিবন্ধনের নিম্ন হার এই দুইটি ক্ষেত্র বিবেচনায় সিআরভিএস-সংশ্লিষ্ট অসাম্য মূল্যায়ন পরিচালনা করা যেতে পারে মর্মে প্রস্তাব করেছে। অন্যদিকে ESCAP "সিআরভিএস ইনইকুয়েলিটি এসেসমেন্ট" এর বিষয়ে সহায়তা করার জন্য মহাপরিচালক বিবিএসকে অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করেছেন। সভায় বর্ণিত বিষয়ে তথ্য ও পরিসংখ্যান বিভাগের পক্ষ থেকে জানানো হয় যে ESCAP এর সহায়তায় এবং মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক "সিআরভিএস ইনইকুয়েলিটি এসেসমেন্ট" সম্পন্ন করা সম্ভব হবে।

**সিদ্ধান্ত: ৭.১।** সভায় আলোচ্য বিষয়সহ সিআরভিএস বাস্তবায়ন কমিটির পরামর্শ অনুসারে ESCAP এর সহযোগিতায় "সিআরভিএস ইনইকুয়েলিটি এসেসমেন্ট" সম্পন্ন করার বিষয়ে মহাপরিচালক, বাংলাদেশ ব্যুরো অফ স্ট্যাটিসটিক্স প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**০৮। আলোচ্য বিষয়: ০৪.০২। সিআরভিএস সংক্রান্ত স্টিয়ারিং কমিটির নাম পরিবর্তন।**

সিআরভিএস সংক্রান্ত স্টিয়ারিং কমিটির নাম মন্ত্রিপরিষদ বিভাগে বাস্তবায়নাধীন সিআরভিএস প্রকল্পের স্টিয়ারিং কমিটির সাথে মিলে যায় বিধায় তা পরিবর্তন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। আলোচনায় অংশ গ্রহণ করে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সিনিয়র সচিব বলেন সিআরভিএস সংক্রান্ত স্টিয়ারিং কমিটি এর নাম সিআরভিএস টাস্কফোর্স করা যেতে পারে। উক্ত প্রস্তাবের বিষয়ে সভার সকল সদস্য একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত:** "সিআরভিএস সংক্রান্ত স্টিয়ারিং" কমিটি এর পরিবর্তিত নাম "সিআরভিএস টাস্কফোর্স" করে প্রজ্ঞাপন জারির জন্য মন্ত্রিপরিষদ বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

০৯। পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

০৪/১/২০২২

খন্দকার আনোয়ারুল ইসলাম
মন্ত্রিপরিষদ সচিব